



● সাইমা ইসলাম তন্দ্রা

বর্ষায় সঙ্গী রেইনকোট

'ক্ষণ অক্ষণ ক্ষণ হাসি পড়িতেছে রাশি রাশি'— এখন আবহাওয়ার অবস্থা অনেকটাই রবীন্দ্রনাথের 'বর্ষা যাপন' কবিতার মতো। আকাশে রোদ দেখে বাসা থেকে বের হলেন, কিন্তু কিছুক্ষণ পর আকাশ কালো করে একপশলা বৃষ্টি এসে ভিজিয়ে দিতে পারে আপনাকে। আর ভেজা কাপড় বেশিক্ষণ গায়ে রাখলে আক্রমণ করতে পারে জ্বর, সর্দি ও কাশির মতো অসুখ। তাই ছাতার পাশাপাশি সঙ্গে রাখতে পারেন রেইনকোট। বৃষ্টি শুরু হলে ছাতা বা রেইনকোটের অভাবে কাজ ফেলে হাত-পা গুটিয়ে বসে থাকতে হয়। কিন্তু এই ঋতুতে বৃষ্টি সামলেই সারতে হবে বাইরের কাজ।

স্কুলগামীদের জন্য ছাতার চেয়ে রেইনকোটই বেশি উপযোগী।

এতে নিজেকে বৃষ্টি থেকে রক্ষার পাশাপাশি স্কুল ব্যাগটিও রক্ষা করা সম্ভব হয়।

তাছাড়া যারা মোটরসাইকেল চালান, তাদের জন্য তো রেইনকোট

আবশ্যিক। ঢাকা কলেজের ছাত্র অয়ন বলেন, 'বৃষ্টিতে ছাতা নিয়ে মোটরসাইকেল চালানো যায় না, তাই

চলাফেরায় আরামের কথা চিন্তা করে রেইনকোট ব্যবহার করি।' বর্তমানে ফ্যাশনেবল মানুষের কথা মাথায় রেখে

বিভিন্ন ডিজাইন ও রঙের রেইনকোট তৈরি হচ্ছে। বড়দের জন্য নীল, কালো, অ্যাশ, হলুদ, সবুজ রঙের রেইনকোট পাওয়া যায় বাজারে।

মেয়েদের ফ্যাশনেবল রেইনকোট মানেই রং হবে হালকা। তবে এখন রঙিন রেইনকোট ব্যবহার করছেন অনেকেই। আর ছেলেদের গাঢ় রং। যারা মোটরসাইকেল নিয়ে চলাফেরা করেন তাদের জন্য আছে ফুলপ্যান্টসহ রেইনকোট। শিশুদের জন্য আছে রঙিন রেইনকোট। শিশুদের জন্য হলুদ, গোলাপি, আকাশিহ বিভিন্ন রঙের রেইনকোট পাওয়া যায়। শিশুরা যেহেতু রং-বেরঙের জিনিস পছন্দ করে, তাই শিশুদের রেইনকোটের বেলায় রংটাকে প্রাধান্য দেয়া হয় বেশি।

সেন্ট যোসেফ স্কুলের শিক্ষার্থী বর্ণর পছন্দ টম অ্যান্ড জেরি কার্টুন আঁকা রেইনকোট। শুধু ছোটদের জন্যই নয়, সব বয়সীর জন্যই রেইনকোটের সন্ধান মিলবে বাজারগুলোতে।

ভালোমানের রেইনকোটের মধ্যে আছে ডার্বিসুপার, কমফোর্ট, ফেদার, ব্রিডেবল, রেড চ্যাম্পিয়ন ইত্যাদি। আবার দেশি পলিয়েস্টার, ওয়াটার প্রুফ, ফিলিপস, প্যারাসুট, বিগবসও বেশ টেকসই এবং কাজের। সাধারণত ক্ল্যাসিক, অ্যাটলাস, হোন্ডা ও প্লেবয় ব্র্যান্ডের রেইনকোটগুলোই বেশি চলে এ দেশে। এগুলোর বেশিরভাগই চীন ও থাইল্যান্ড থেকে আমদানি করা।

রেইনকোটের মান নির্ভর করে কাপড়ের ঢালাই ও পিভিসির কোয়ালিটির ওপর। কাপড়ের কোট যদি মোটা ও নরম হয়, তাহলে বোঝা যাবে কাপড়ের ঢালাই ও পিভিসি ভালো। পাতলা ও খসখসে হলে কাপড় নিম্নমানের। ছোট বাচ্চাদের প্লাস্টিকের রেইনকোট পাওয়া যাবে ৩০০ থেকে ৩৫০ টাকার মধ্যে। বড়দের রেইনকোটের দাম পড়বে ৫০০ থেকে ৮০০ টাকা। প্যারাসুট কাপড়ের ছোটদের রেইনকোটের দাম পড়বে ৩৫০ থেকে ৫০০ টাকা আর বড়দের ৫০০ থেকে ৭০০ টাকা। অ্যাটলাস ব্র্যান্ডের ছোটদের রেইনকোটের দাম পড়বে ২৫০ থেকে ৩০০ টাকা এবং বড়দের ৫০০ থেকে ৬০০ টাকা। মেয়েদের রেইনকোটের দাম পড়বে ৫০০ থেকে ১৫০০ টাকা। আর ছেলেদের ৬০০ থেকে ১২০০ টাকা। ফুলপ্যান্টসহ রেইনকোটের দাম পড়বে ৮০০ থেকে ২০০০ টাকা।

গুলিস্তান, ফার্মগেট, স্টেডিয়াম মার্কেট, পলওয়েল মার্কেট, নিউ মার্কেট, বায়তুল মোকাররম, মুক্তবাংলা শপিং ও পুরান ঢাকার ইমামগঞ্জে পাওয়া যায় বিভিন্নমানের রেইনকোট। ■

